



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২২/৫৯/৯৬৫

তারিখঃ ১৩ আষাঢ়, ১৪২৯
২৭ জুন, ২০২২

বিজ্ঞপ্তি


অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের সেবাসমূহ নিম্নরূপভাবে প্রদান করা হবে।

শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্য সেবা গ্রহণের ক্ষেত্রে মেডিকেল সেন্টার হতে সেবা গ্রহনকারী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে যে সমস্ত ঔষধ মেডিকেল সেন্টারে রয়েছে সে সমস্ত ঔষধ দ্বারাই শুধুমাত্র ১ম ডোজের ঔষধ সরবরাহ করা হবে এবং যে সমস্ত ঔষধ মেডিকেল সেন্টারে সংরক্ষিত নেই তা সেবা গ্রহনকারীকে নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে।

শিক্ষার্থীদের ক্ষেত্রে সেবা গ্রহণের সময় প্রাথমিকভাবে যে সমস্ত ঔষধ মেডিকেল সেন্টারে রয়েছে সে সকল ঔষধ দ্বারাই সেবা প্রদান করা হবে এবং সরবরাহকৃত ঔষধ সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে।

অত্র বিশ্ববিদ্যালয়ের ডাক্তারগণের প্রেসক্রিপশন ব্যতিরেকে কোন প্রকার ঔষধ সরবরাহ করা হবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,



২৭/০৬/২০২২


(মোঃ মোরাদ হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২২/৫৯/৯৬৫(৫৫)

তারিখঃ ১৩ আষাঢ়, ১৪২৯
২৭ জুন, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। অনুসদ/বিভাগ প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধসহ)
- ৩। উপ-পরিচালক (জনসংযোগ), জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৪। মেডিকেল অফিসারগণ, মেডিকেল সেন্টার, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৫। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৬। অফিস নথি।



২৭/০৬/২০২২

(মোঃ শাহাবুদ্দিন)
সেকশন অফিসার